

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(বিশেষ মূল অধিক্ষেত্র)

রীট পিটিশন নং ৩১০৩/২০২৪

দি পেনিনসুলা চিটাগাং লিমিটেড এবং অন্যান্য

-----দরখাস্তকারীগণ।

-বনাম-

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও অন্যান্য

----- প্রতিপক্ষগণ।

সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান সংগে

এ্যাডভোকেট ইমতিয়াজ মঈনুল ইসলাম

----- দরখাস্তকারীগণ পক্ষে।

এ্যাডভোকেট মোঃ মনজুর আলম, ডেপুটি এটর্নী জেনারেল
সংগে

এ্যাডভোকেট মোহাম্মদ শোয়েব মাহমুদ, সহকারী এটর্নী
জেনারেল

এ্যাডভোকেট মোঃ ওবায়দুর রহমান তারেক, সহকারী এটর্নী
জেনারেল

এ্যাডভোকেট মোঃ আবুল হাসান, সহকারী এটর্নী জেনারেল

-----প্রতিপক্ষগণ পক্ষে

উপস্থিতঃ

বিচারপতি মোঃ আশরাফুল কামাল

এবং

বিচারপতি কাজী ওয়ালিউল ইসলাম

শুনানীর তারিখ: ০৩.১১.২০২৪,

০৬.১১.২০২৪, ০৫.১২.২০২৪,

০৭.০১.২০২৫ এবং রায় প্রদানের তারিখঃ

১৬.০১.২০২৫।

বিচারপতি মোঃ আশরাফুল কামালঃ

দরখাস্তকারী দি পেনিনসুলা চিটাগাং লিমিটেড, ইপকো হোটেলস লিমিটেড, ইপকো ডেভেলপমেন্টস

(বাংলাদেশ) লিমিটেড এবং রিসোর্ট ডেভেলপমেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলা-

দেশের সংবিধানের অনুচ্ছেদ ১০২ এর অধীন দরখাস্ত দাখিলের প্রেক্ষিতে অত্র বিভাগ কর্তৃক প্রতিপক্ষগণের

উপর কারণ দর্শানো পূর্বক নিম্নোক্ত উপায়ে রুলটি ইস্যু করা হয়েছিলঃ-

*“Heard the learned Advocate for the petitioner and
perused the petition as well as annexures.*

*Let a Rule Nisi be issued calling upon the respondents to
show cause as to why the inaction of the respondent Nos. 1 and 2*

to issue Customs Ruling under section 219A and 219B of the Customs Act, 1969 to the effect that the petitioners The Peninsula Chittagong Limited, Ipco Hotel Limited, Ipco Developments (Bangladesh) Limited and Resort Developments and Services Limited are entitled to import essential and capital machineries and accessories of 5-star hotels with exemption as permitted by the S.R.O. No. 50/Ain/2014/2476/Customs dated 03.04.2014 (annexure-B) coupled with subsequent NBR permissions dated 28.10.2021, 11.11.2019 and 03.02.2022 respectively (annexures-C, F, I and M), should not be declared to be without lawful authority and is of no legal effect and as to why direction should not be given upon the respondents to assess duty and release essential and capital machineries and accessories of 5-star hotels imported by the petitioners Peninsula, Ipco Hotel, Ipco Developments and Resort Developments by giving appropriate exemption as permitted by the S.R.O. No. 50/Ain/2014/2476/Customs dated 03.04.2014 (annexure-B) coupled with subsequent NBR permissions dated 28.10.2021, 11.11.2019 and 03.02.2022 respectively (annexures-C, F, I and M) and/or pass such other or further order or orders as to this Court may seem fit and proper.

Pending hearing of the Rule, the respondent Nos. 1 & 2 are directed to dispose of the Petitioner's application dated 19.02.2024 (Annexure-X) within 07 (seven) days from the date of receipt of this Order.

The Rule is made returnable within 10 (ten) days from date.

The petitioner is directed to put in requisites for services of notices upon the respondent Nos. 1 & 2 through Special Messenger and upon the respondent Nos. 3 & 4 through registered post with A/D.

Let the matter be appeared in the daily cause list on 21.03.2024 under the column "For hearing".

উপরিউল্লিখিত আদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে অত্র দরখাস্তকারীদের বিগত ইংরেজী ১৯/০২/২০২৪ তারিখের আবেদন নিষ্পত্তি করার জন্য প্রতিপক্ষ নং ১ ও ২ কে নির্দেশ প্রদান করা হয়। জাতীয় রাজস্ব বোর্ড ১৮/০৩/২০২৪ সালে অত্র আদেশ প্রাপ্ত হন। অতঃপর বিগত ইংরেজী ২১/০৪/২০২৪ তারিখে দরখাস্তকারীদের আবেদন খারিজ করে একটি কাস্টমস রুলিং জারি করে। উক্ত কাস্টমস রুলিং এর প্রেক্ষিতে প্রাথমিক রুল এর প্রথম অংশ অকার্যকর হয়ে পড়ায় দরখাস্তকারীরা বিগত ইংরেজী ২৮/০৪/২০২৪ তারিখে অতিরিক্ত রুল এর প্রার্থনা করলে আদালত নিম্নে বর্ণিত অতিরিক্ত রুলটি ইস্যু করেন :

"... calling upon the respondents to show cause as to why the impugned Customs Ruling dated 21.04.2024 (as of annexure-DD), issued by the respondent no. 2 Member, Customs Policy & ICT, refusing to give Customs duty and VAT exemptions to the petitioners, Peninsula Chittagong Limited, Ipco Hotels Limited, Ipco Developments (Bangladesh) Limited and Resort Developments and Services Limited while importing essential and capital machineries and accessories of 5-star hotels with exemption as permitted by the S.R.O No. 50/Ain/2014/2476/Customs dated 03.04.2014(annexure-B) coupled with subsequent NBR permissions dated 28.10.2021, 11.11.2019 and 03.02.2022 respectively

(annexures-C,F,I and M), in violation of Article 27 of the Constitution and the settled principals of vested right, promissory estoppel and legitimate expectation, should not be declared to be without any lawful authority and is of no legal effect and/or Pass such other or further order or orders, as Your Lordships may deem fit and proper.”

প্রাথমিক রুলের দ্বিতীয় অংশ এবং অতিরিক্ত রুলটি নিষ্পত্তিতে ঘটনার সংক্ষিপ্ত বিবরণ এই যে, অত্র রিট দরখাস্তকারীগণের একত্রে সাধারণ দাবী হচ্ছে যে, সরকার বাংলাদেশে বিদেশী বিনিয়োগ এবং পর্যটন আকৃষ্ট করার জন্য দেশের উল্লেখযোগ্য এয়ারপোর্টগুলোর সংলগ্ন এরিয়াতে আন্তর্জাতিক মানের পাঁচ তারকা হোটেল নির্মাণ এর লক্ষ্যে এস.আর.ও নং-৫০-আইন/২০১৪/২৪৭৬/কাস্টমস তাং-০৩/০৪/২০১৪ (সংযুক্তি-B) এর মাধ্যমে কিছু নির্দিষ্ট আমদানিকৃত পণ্যের ওপর আমদানী শুল্ক, রেগুলেটরি শুল্ক, ভ্যাট ও অন্যান্য সাপ্লিমেন্টারী শুল্ক অব্যাহতি প্রদান করে। কাস্টমস কর্তৃপক্ষ জুন ২০২৩ হতে অত্র দরখাস্তকারীদের অব্যাহতি সুবিধায় পণ্য খালাস এ অনুমতি দেওয়া হতে বিরত হওয়া শুরু করলে অত্র দরখাস্তকারীরা সংশ্লিষ্ট বিষয়ে আপত্তির কারণ জানতে চেয়ে কাস্টমস কর্তৃপক্ষ বরাবরে আবেদন করলে, কমিশনার অফ কাস্টমস চিটাগাং বিগত ইংরেজী ২২/০২/২০১৩ (সংযুক্তি-S) এবং ২০/০৬/২০২০ (সংযুক্তি-V) তারিখের পত্রদ্বয়ের মাধ্যমে কাস্টমস রুলিং চেয়ে প্রতিপক্ষ নং-০২ কাস্টমস মেম্বার, কাস্টম পলিসি এন.বি.আর এর নিকট নির্দেশনা চান। ইতোমধ্যে এস.আর.ও নম্বর ১০৫-আইন/২০২৩/১৪৯/কাস্টমস তাং ০১/০৬/২০২২ প্রত্যাহান (Repeal) করে এস আর.ও নং তাং ২১/০৫/২০২৩ (যাহা কিনা ০১/০৬/২০২৩ হতে কার্যকর) জারি করা হয়।

দরখাস্তকারীগণ পক্ষের বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান এবং এডভোকেট ইমতিয়াজ মঈনুল ইসলাম বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। অপরদিকে, রাষ্ট্র পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মোঃ মনজুর আলম, ডেপুটি এটর্নী জেনারেল বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন।

অত্র রীট পিটিশন এবং এর সাথে সংযুক্ত সকল সংযুক্তি পর্যালোচনা করা হলো। অপরদিকে রাষ্ট্রপক্ষ পক্ষে দাখিলকৃত হলফান্তে জবাব এবং এর সাথে সকল সংযুক্তি পর্যালোচনা করা হলো। উভয় পক্ষের বিজ্ঞ এডভোকেটগণের যুক্তিতর্ক শ্রবণ করা হলো।

দরখাস্তকারীগণ পক্ষের বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান নিবেদন করেন যে, দরখাস্তকারীগণ উপরিউল্লিখিত এস.আর.ও নং-৫০ এর সকল শর্ত পূরণ করে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করলে বোর্ড সন্তুষ্ট হয়ে বিগত ইংরেজী ১১.১১.২০১৯, ১৮.১০.২০২১ এবং ০৩.০২.২০২২ তারিখ অনুমতি প্রদান করে। উপরিউল্লিখিত অনুমতি পত্রে অব্যাহতি প্রাপ্ত পণ্যসমূহ আমদানি করার কোনো সময়সীমা নির্দিষ্ট করা ছিল না। বরং অনুমতি পত্রের ৫নং শর্ত মোতাবেক অব্যাহতি প্রাপ্ত আমদানি পণ্যসমূহ একবার বিনা শুল্কে আমদানি করা যাবে।

দরখাস্তকারীগণ পক্ষের বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান নিবেদন করেন যে, ২০১৪ এর এসআরওটি পরবর্তীতে এসআরও নং ১৩৬-আইন/২০২২/৮৪ কাস্টমস তারিখ ০১/০৬/২০২২ (যাহা কিনা ০৯/০৬/২০২২ থেকে কার্যকর করা হয়েছিল), এর মাধ্যমে প্রতিস্থাপিত হয়। দরখাস্তকারীদের উপর অর্পিত অধিকার ২০১৪ এর এসআরও এর অধীনে অর্পিত হয়ে যাওয়ায় উক্তরূপ প্রতিস্থাপন রিট দরখাস্তকারীদের বিনা শুল্কে পণ্য ছাড় করার অধিকার কোন ভাবেই প্রভাবিত করবে না।

দরখাস্তকারীগণ পক্ষের বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান নিবেদন করেন যে, দরখাস্তকারীগণের মতে যখন কাস্টমস আইন ১৯৬৯ এর ১৯ (১) ধারা মতে বিভিন্ন শর্ত সাপেক্ষে শুল্ক অব্যাহতি দেয়া হয় এবং আমদানিকারক সমস্ত শর্ত পূরণ করে বিনা শুল্কে পণ্য আমদানীর অর্পিত অধিকার অর্জন করে তখন সরকার ও উপরোক্ত অর্জিত অধিকার অস্বীকার করতে পারেনা। যা Promissory Estoppel দ্বারা বারিত।

দরখাস্তকারীগণ পক্ষের বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান নিবেদন করেন যে, দরখাস্তকারীদের ক্ষেত্রে তার শুধু এস.আর.ও ২০১৪ এর সমস্ত শর্ত পূরণই করেনি বরং সাথে সাথে এন.বি.আর এর সন্তুষ্টি সাপেক্ষে আমদানীর অনুমতিও পেয়েছে। ফলে শুধু প্রিন্সিপাল অব ভেস্টেড রাইট এবং প্রমিসরি এনটপেলই নয় বরং প্রিন্সিপাল অফ লেজিটেমেট এক্সপেক্টেশনসও তাদের পক্ষে কার্যকর হয়েছে। ফলে কাস্টম কর্তৃপক্ষ দরখাস্তকারীগণকে কোনভাবেই তাদের বিনা শুল্কে পণ্য আমদানী ও খালাসে বাধা দিতে পারে না।

দরখাস্তকারীগণ পক্ষের বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান নিবেদন করেন যে, ২০২৩ এস.আর.ও এর মাধ্যমে ২০২২ এর এস.আর.ও বাতিল করার ফলে ২০১৪ এর এস.আর.ও এর অধীনে কোন সুবিধা অত্র দরখাস্তকারীদের দেয়ার আর কোন সুযোগ নেই মর্মে আইন মন্ত্রণালয় এর মতামত বেআইনী ও এখতিয়ার বহির্ভূত। এছাড়াও, মিজানুর রহমান মামলায় প্রদত্ত সিদ্ধান্তটি দরখাস্তকারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। আইন মন্ত্রণালয়ের মতামত সংবিধান এর অনুচ্ছেদ ২৭ এর সহিত সাংঘর্ষিক।

নথি পর্যালোচনায় এটি প্রতীয়মান যে, অত্র দরখাস্তকারী নং-০১, দি পেনিনসুলা চিটাগাং লিমিটেড এর উদ্যোগ পেনিনসুলা এয়ারপোর্ট গার্ডেন (ইউনিট অফ পেনিনসুলা চিটাগাং লিমিটেড-২) হোটেল নির্মাণের উদ্দেশ্যে মালামাল আমদানী করার জন্য এস.আর.ও নং -৫০, তারিখ- ০৩/০৪/২০১৪ এর অধীনে জাতীয় রাজস্ব বোর্ড হতে অনুমতি গ্রহণ করা হয় বিগত ইংরেজী ১৮/১০/২০২১ তারিখে। উক্ত হোটেলের মালামাল আমদানি করার উদ্দেশ্যে এল সি (লেটার অফ ক্রেডিট) খোলা হয় বিগত ইংরেজী ০৬/০২/২০২৪ ইং তারিখে। দরখাস্তকারী নং -০২, ইপকো হোটেলস লিমিটেড এর উদ্যোগে হোটেল নির্মাণের উদ্দেশ্যে মালামাল আমদানী করার জন্য এস.আর.ও নং -৫০, তারিখ-০৩/০৪/২০১৪ এর অধীনে জাতীয় রাজস্ব বোর্ড হতে অনুমতি গ্রহণ করে বিগত ইংরেজী ১১/১১/২০১৯ তারিখে। উক্ত হোটেলের মালামাল আমদানি করার উদ্দেশ্যে এল সি (লেটার অফ ক্রেডিট) খোলা হয় বিগত ইংরেজী ০৭/০৩/২০২৪ তারিখে। দরখাস্তকারী নং-০৩, ইপকো ডেভেলপমেন্টস লিমিটেড এর উদ্যোগে হোটেল নির্মাণের উদ্দেশ্যে মালামাল আমদানী করার জন্য এস.আর.ও নং-৫০, তারিখ-০৩/০৪/২০১৪ এর অধীনে জাতীয় রাজস্ব বোর্ড হতে অনুমতি গ্রহণ করে বিগত ইংরেজী ১১/১১/২০১৯ তারিখে। উক্ত হোটেলের মালামাল আমদানি করার উদ্দেশ্যে এল সি (লেটার অফ ক্রেডিট) খোলা হয় বিগত ইংরেজী ০৮/০২/২০২৪ তারিখে।

দরখাস্তকারী নং -০৪, রিসোর্ট ডেভেলপমেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড এর উদ্যোগে হোটেল নির্মাণের উদ্দেশ্যে মালামাল আমদানী করার জন্য এস.আর.ও নং-৫০, তারিখ- ০৩/০৪/২০১৪ এর অধীনে জাতীয় রাজস্ব বোর্ড হতে অনুমতি গ্রহণ করে বিগত ইংরেজী ০৩/০২/২০২২ তারিখে। উক্ত হোটেলের মালামাল আমদানি করার উদ্দেশ্যে প্রফরমা ইনভয়েস খোলা হয় বিগত ইংরেজী ২৫/০২/২০২৪ তারিখে।

কাস্টমস আইন, ১৯৬৯ এর ১৯ ধারা অনুযায়ী যে রেয়াতী সুবিধা এসআরও নং-৫০ এর অধীনে প্রদান করা হয়েছিল সেটি এসআরও নং-১৩৬, তারিখ-০১/০৬/২০২২ এর মাধ্যমে উক্ত রদরহিত করা হয়েছিল। তৎপরবর্তীতে উক্ত এসআরও নং-১৩৬ বাতিল করা হয়েছে এসআরও নং-১০৫, তারিখ-২১/০৫/২০২৩ এর মাধ্যমে। উপরিউল্লিখিত এসআরও সমূহ বলবৎ থাকাকালীন দরখাস্তকারীগণ কোনো লেটার অফ ক্রেডিট (এল সি) খোলেন নাই। দরখাস্তকারী নং-১, ২ ও ৩ এর এল সি খোলার তারিখ সমূহ বিগত ইংরেজী ০৬/০২/২০২৪, ০৭/০৩/২০২৪, এবং ০৮/০২/২০২৪ তারিখ। দরখাস্তকারী নং-৪ কোনো এল সি খোলেন নাই।

অর্থাৎ উপরিউল্লিখিত রেয়াতী এসআরও সমূহ বলবৎ থাকাকালীন কোন এল সি দরখাস্তকারীগণ খোলেন নাই। বরং রেয়াতী এসআরও সমূহ বাতিল হয়ে যাওয়ার পর দরখাস্তকারী নং-১, ২ ও ৩ এল সি খুলেছেন। রেয়াতী সুবিধা বাতিল করা হয়েছে জানানর পরে দরখাস্তকারী নং-১, ২ ও ৩ এল সি খোলেন।

যেহেতু দরখাস্তকারীগণ পণ্য আমদানিপূর্বক কোন বিল অফ এন্ট্রি দাখিল করেন নাই ফলে আমদানিকৃত মালামাল এসেসমেন্ট করারও কোন সুযোগ নেই। ফলে অত্র দরখাস্তকারীগণের মামলা করার কোন কারণ উদ্ভব হয় নাই।

প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যাক্তির কৃত কোন কার্য বা গ্রহীত কোন কার্য দ্বারা আইন সংগত কর্তৃত্ব ব্যতীরেকে করা হয়েছে বা গ্রহীত হয়েছে এবং তার কোন আইনগত কার্যকারীতা নাই মর্মে কোন ঘোষণা চেয়ে সংবিধানের অনুচ্ছেদ ১০২ এর উপ অনুচ্ছেদ ২(ক) (আ) এর আওতায় কোন দরখাস্ত দাখিল করতে হলে সংশ্লিষ্ট ব্যাক্তিকে সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই সুনির্দিষ্ট আইনগত অধিকার থাকতে হবে।

তেলেখাল প্রগ্রেসিভ ফিশারিজ কো-অপারেটিভ লিঃ বনাম বাংলাদেশ (Telekhal progressive Fisheries Co-operative Ltd. Vs Bangladesh) ১৯৮১ বিএলডি(এডি)।

১০৩ মামলায় মাননীয় আপীল বিভাগ অভিমত প্রদান করেছেন যে,

“In order to entitle person to ask for performance of any public duty by mandamus the applicant must have a specific legal right to insist on such performance.”

অত্র রীট পিটিশন দরখাস্তে বর্ণিত প্রার্থনার বিষয়ে দরখাস্তকারী সুনির্দিষ্ট আইনগত অধিকার আছে তৎমর্মে কোন তথ্য প্রমান উপস্থাপন করতে দরখাস্তকারী সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। দরখাস্তকারীগণ আইন ও আদালতের কার্যক্রমকে অপব্যবহার করেছে প্রতীয়মান। এছাড়াও, দরখাস্তকারীগণ অত্র আদালতে অপরিচ্ছন্ন হাতে এসেছেন প্রতীয়মান। অত্র রুলটি খারিজযোগ্য।

অতএব, আদেশ হয় যে, রুলটি খারিজ করা হলো।

অত্র রায় ও আদেশের অনুলিপি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

বিচারপতি কাজী ওয়ালিউল ইসলাম

আমি একমত।